

# আমাদেরময়

## দুই কিমির মধ্যে স্কুল না থাকলে স্থাপনের সুপারিশ

নিজস্ব প্রতিবেদক

৭ জানুয়ারি ২০২১ ০০:০০ | আপডেট: ৬ জানুয়ারি ২০২১ ২২:৪৫



কোনো এলাকায় প্রতি দুই কিলোমিটারের মধ্যে প্রাথমিক বিদ্যালয় না থাকলে সেখানে অগ্রাধিকার ভিত্তিতে তা স্থাপনের সুপারিশ করেছে সংসদীয় স্থায়ী কমিটি। গতকাল বুধবার সংসদ ভবনে অনুষ্ঠিত প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত কমিটির বৈঠকে এ সুপারিশ করা হয়। এর আগে গত ডিসেম্বরে কমিটির বৈঠকে চাঁপাইনবাবগঞ্জের নাচোলে সাড়ে ছয় কিলোমিটারের মধ্যে প্রাথমিক বিদ্যালয় না থাকার বিষয়টি নিয়ে আলোচনা হয়েছিল। সে সময় কমিটি মন্ত্রণালয়কে এ বিষয়ে প্রতিবেদন দিতে বলে।

গতকালের বৈঠকে মন্ত্রণালয় জানায়, নাচোলের বাসুগ্রামে কোনো সরকারি প্রাথমিক বিদ্যালয় নেই। এর সবচেয়ে কাছের স্কুল আছে সাড়ে ছয় কিলোমিটার দূরে। বাকি তিনটি স্কুলই সাত কিলোমিটার দূরে। বৈঠকে বাসুগ্রামকে অগ্রাধিকার ভিত্তিতে ‘এক হাজার প্রাথমিক বিদ্যালয় নির্মাণ প্রকল্পের’ আওতায় অন্তর্ভুক্ত করতে বলা হয়।

একই সঙ্গে যেখানে সর্বনিম্ন দুই কিলোমিটারের

মধ্যে প্রাথমিক বিদ্যালয় নেই, সেখানেও অগ্রাধিকার ভিত্তিতে বিদ্যালয় নির্মাণের সুপারিশ করা হয়েছে।

বৈঠক শেষে কমিটির সদস্য ফেরদৌসী ইসলাম বলেন, গত বৈঠকে বিষয়টি আমিই তুলেছিলাম। নাচোলের ওই এলাকায় স্কুল না থাকায় বিষয়টি তুললে মন্ত্রণালয়ের কাছে জানতে চাওয়া হয়। আজ মন্ত্রণালয় বিস্তারিত জানিয়েছে। কমিটি দুই কিলোমিটারের মধ্যে স্কুল না থাকলে সেখানে প্রাইমারি স্কুল করতে বলেছে।

গতকালের বৈঠকে পূর্ববর্তী বদলি নীতিমালা বাতিল/সংস্কার কেন প্রয়োজন, সে বিষয়েও মন্ত্রণালয়কে কমিটির কাছে বিস্তারিত ব্যাখ্যা দিতে বলা হয়েছে। এ ছাড়া ঢাকা মহানগরী ও পূর্বাচলে সরকারি প্রাথমিক বিদ্যালয় স্থাপন এবং অবকাঠামো উন্নয়নসহ দৃষ্টিনন্দন কর প্রকল্পের আওতায় ৩৫৬টি স্কুলের মধ্যে প্রাথমিকভাবে ১৬০টি দৃষ্টিনন্দনকরণের নকশা উপস্থাপন করা হয়। একই সঙ্গে বৈঠকে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের অফিস দৃষ্টিনন্দন করার সুপারিশ করা হয়েছে।

সভাপতি মোস্তাফিজুর রহমানের সভাপতিত্বে কমিটির সদস্য প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী মো. জাকির হোসেন, মেহের আফরোজ, আলী আজম মো. নজরুল ইসলাম বাবু, ফেরদৌসী ইসলাম এবং কাজী মনিরুল ইসলাম বৈঠকে অংশ নেন।

**ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার**

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৮

ই-মেইল : [news@dainikamadershomoy.com](mailto:news@dainikamadershomoy.com), [editor@dainikamadershomoy.com](mailto:editor@dainikamadershomoy.com)

নতুন ধারার বৈশিষ্ট্য

# আমাদেরময়

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯

[Privacy Policy](#)